





সমাজ ভিত্তিক জলাভূমি সম্পদ ব্যবস্থাপনা প্রকল্প

কেইস-স্টাডি

জলজ ফল আবারো জীবিকার অংশ



উন্নত জলাভূমি ব্যবস্থাপনা পদ্ধতির ফলে ফিরে এসেছে অনেক জলজ উদ্ভিদ

জলজ উদ্ভিদরাজি জলাশয়ের ইকো সিস্টেমের জন্য খুবই গুরুত্বপূর্ণ কিন্তু তার ভূমিকা তেমন স্বীকৃত নয় জলাশয়ের ইকো সিস্টেমের অর্ন্তভূক্ত উদ্ভিদ ও প্রাণীর মধ্যে জলজ উদ্ভিদগুলিই মূল জীব্য (substrate) এছাড়াও এদের রয়েছে অর্থনৈতিক ও পুষ্টিগত মূল্য বাংলাদেশের বিভিন্ন জলজ উদ্ভিদের মধ্যে সিংরা (*Trapa bispinosa* and *T. maximowiczii*) ভোজ্য ফল ধারণ করে যা গ্রামের লোকদের নিকট খুব জনপ্রিয় তারা এটি বিনামূল্যে পেয়ে থাকে এক দশক আগেও বাইল ১ বিলের কিনাগাথি উপজেলায় (শেরপুর) এই সিংরা প্রচুর পরিমাণে পাওয়া যেত কিন্তু এই বিলে মাছ ধরার অব্যবস্থাপনার দরুণ বিশেষ করে খেতা জালের (টেনে নিয়ে যাওয়ার সুক্ষ্ম বুননের জাল) ব্যাপক ব্যবহারের কারণে এই ফল ক্রমশ হারিয়ে যায় পরিণতিতে, সিংরা ফলের ঘাটতির জন্য এই প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র লোকেরা কষ্টের মধ্যে পড়ে কারণ তারা ফলের উপর খাদ্য ও আয়ের জন্য বহুলাংশে নির্ভরশীল ছিল সিংরা ফল হ্রাস পাওয়ার দরুণ মাছেরাও খাদ্যের একটি উৎস অর্থাৎ প্যাংটন যা সিংরা গাছের মূল ও পাতায় জন্মায় তা হারালে

ধলি বাইল ১ আরএমওটি মাছের সহযোগিতায় স্থাপিত হয়েছে এটি জলাশয় এবং জৈবিক বহুমুখীতাকে পূর্বাবস্থায় ফিরিয়ে আনতে সাহায্য করেছে এই আরএমওটি তাদের বিলে তিন একর এলাকা নিয়ে ছয়টি মৎস্য অভয়াশ্রম প্রতিষ্ঠা করেছে যার মধ্যে শুষ্ক মৌসুমে বিলের ২০ একর জমিও অর্ন্তভূক্ত এছাড়াও তারা মাছ ধরার ক্ষতিকর যন্ত্রাদি যেমন খেতা জাল ব্যবহার করা বন্ধ করেছে এই খেতা জাল সর্বজনস্বীকৃত একটি ক্ষতিকর জাল এটি মাছের পোনা এবং জলজ উদ্ভিদরাজি নিধন করে



এই ব্যবস্থাপনা বাস্তবায়নের কর্মকান্ডের সূচনার পর, সিংরা উদ্ভিদটি আবার বিলে, বিশেষ করে অভয়াশ্রমগুলিতে এবং তাদের পার্শ্ববর্তী অঞ্চলে উৎপাদন শুরু হয়েছে। সিংরা এখন বিঘ্নতা ছাড়া যথেষ্ট পরিমাণে উৎপন্ন হচ্ছে। এছাড়াও স্থানীয় লোকেরা তাদের সাময়িক খাদ্য হিসাবে বিল থেকে সিংরা ফল সংগ্রহ করছে। প্রতি চার মাস অন্তর পূর্ণিমার পর প্রায় ৪০-৫০টি দরিদ্র পরিবার নিয়মিতভাবে বিল থেকে সিংরা ফল সংগ্রহ করে। প্রত্যেকে দৈনিক প্রায় ৪-৫ কে.জি পরিমাণ সংগ্রহ করে থাকে। তারা নিজেরা এর অর্ধেক ভোগ করে এবং বাকী অংশ হয় প্রতিবেশীদের নিকট ধান, মাছ বা সবজির পরিবর্তে বিনিময় করে থাকে অথবা স্থানীয় বাজারে কে.জি. প্রতি ১২-১৫ টাকা দরে বিক্রয় করে থাকে। ২০০৩ সালে চার মাসে সিংরা কাটার মৌসুমে একটি পরিবার সিংরা থেকে গড়ে প্রায় ৭,০০০ টাকার উপরে আয় করেছে। এটি তাদের জীবিকার জন্য উলে খযোগ্য ভূমিকা পালন করে।



‘বাইল ১’ বিলের উন্নত ব্যবস্থাপনা এভাবে সুস্পষ্টভাবে জলাশয়ে ‘সিংরা’ উদ্ভিদের পূর্ণ উদ্ভব ঘটাতে সহায়তা করেছে। যা স্থানীয়ভাবে একটি ত্রিমুখী সুবিধা প্রদান করেছে। প্রথমতঃ এটি খাদ্য নিরাপত্তায় সহায়তা করেছে, দ্বিতীয়তঃ এটি কর্মসংস্থান ও দরিদ্র জনগোষ্ঠীর আয় বৃদ্ধি করেছে এবং তৃতীয়তঃ এটি মৎস্য আবাসের উন্নয়ন ঘটাতে সাহায্য করেছে। পূর্ণাঙ্গ সিংরা উদ্ভিদ সহজ পছন্দ্য মাছ ধরার ক্ষেত্রে যথার্থ বাধা এবং এভাবে মাছের নিরাপদ আশ্রয় প্রদান করে। এছাড়াও সিংরা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পানির গুণগত মান বজায় রাখে এবং বহু দেশীয় মৎস্য প্রজাতি যারা সিংরা উদ্ভিদের মূল ও পাতার আবরণের উপর নির্ভর করে এর সাথে সম্পৃক্ত পান্টনের জন্য যেটি একটি উচ্চ মানের পুষ্টিকর খাবার।



USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

WINROCK
INTERNATIONAL



অতিরিক্ত তথ্যের জন্য যোগাযোগ করুন
মাচ হেডকোয়ার্টার
বাড়ি নং: ২, রোড নং: ২৩/এ
গুলশান ১, ঢাকা ১২১২, বাংলাদেশ
ফোন: ৮৮১৪৫৯৮, ৯৮৮৭৯৪৩
ফ্যাক্স: (৮৮০-২) ৮৮২৬৫৫৬
URL: www.machban.org